

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.০৭.২০২৩. ৭৭


তারিখ: ২৪ মার্চ ১৪৩০ বঙ্গাব্দ  
১১ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

**অভিযোগনামা**

যেহেতু, আপনি জনাব আবদুস সামাদ তালুকদার (সাময়িক বরখাস্তকৃত), প্রভাষক (হিসাববিজ্ঞান), সরকারি শেখ হাসিনা একাডেমী এন্ড উইমেন্স কলেজ, মাদারীপুর গত ২৪/০৭/২০২২ তারিখে সকাল ৭.০০ ঘটিকায় জনাব তাসমিয়া নিশাত তুবা, দ্বাদশ ব্যবসায় শিক্ষা শ্রেণির আবাসিক ছাত্রী, ক্লাস রোল-৭১৮, বেগম রোকেয়া ছাত্রী নিবাস-২ নং ভবন, রুম নং-২৬০ কর্তৃক প্রাইভেট পড়াতে ২০৪ নং ক্লাস রুমে ডেকে নিয়ে যৌন হয়রানি করেন যা পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।

  
(সোলেমান খান)  
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

**বর্তমান কর্মস্থল:**

জনাব আবদুস সামাদ তালুকদার  
প্রভাষক (হিসাববিজ্ঞান), সরকারি শেখ হাসিনা একাডেমী এন্ড উইমেন্স কলেজ, মাদারীপুর।

**স্থায়ী ঠিকানা:**

জনাব আবদুস সামাদ তালুকদার  
পিতা: সেকেন্দার আলী তালুকদার  
গ্রাম: গচাপাড়া, ডাকঘর: গচাপাড়া, থানা: কোটালীপাড়া, জেলা: গোপালগঞ্জ।


**অনুলিপি:**

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

## অভিযোগবিবরণী

জনাব আবদুস সামাদ তালুকদার (সাময়িক বরখাস্তকৃত), প্রভাষক (হিসাববিজ্ঞান), সরকারি শেখ হাসিনা একাডেমী এন্ড উইমেন্স কলেজ, মাদারীপুর এর বিরুদ্ধে জনাব তাসমিয়া নিশাত তুবা, দ্বাদশ ব্যবসায় শিক্ষা শ্রেণির আবাসিক ছাত্রী, ক্লাস রোল-৭১৮, বেগম রোকেয়া ছাত্রী নিবাস-২ নং ভবন, রুম নং-২৬০ কর্তৃক গত ২৪/০৭/২০২২ তারিখে সকাল ৭.০০ ঘটিকায় প্রাইভেট পড়াতে ২০৪ নং ক্লাস রুমে ডেকে নিয়ে যৌন হয়রানি করার অভিযোগ উত্থাপিত হয়। উক্ত অভিযোগ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে;

জনাব আবদুস সামাদ তালুকদার (সাময়িক বরখাস্তকৃত), প্রভাষক (হিসাববিজ্ঞান), সরকারি শেখ হাসিনা একাডেমী এন্ড উইমেন্স কলেজ, মাদারীপুর এর উক্তরূপ কার্যকলাপ আচরণবিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

  
২০১৮/২৪  
(সোলেমান খান)  
সচিব